যুগান্তর

তারিখ 11 MAR 2008 পৃষ্ঠা ৩ কলাম ৮

# ঢাকা বোর্ডের কয়েকশ' এইচএসসি পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত

## অভিভাবকদের সংবাদ সম্মেলন

যুগান্তর রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ জারি সত্ত্বেও ঢাকা শিক্ষা বোর্ড বাস্তবায়ন না করায় আসন্ন উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষায় কয়েকশ' শিক্ষার্থীর অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। এমতাবস্থায় ঢাকা শিক্ষা বোর্ডকে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র বাস্তবায়নের দাবি জানিয়েছেন সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকরা। সোমবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কাজী গোলাম সারোয়ার। এ সময় মিছির উদ্দিন, নুসাবা তাসনীমসহ অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, গত ১৪ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব বাবলু কুমার সাহা স্বাক্ষরিত এক পরিপত্রে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে খারাপ করলেও পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে বলে উল্লেখ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী ইতিমধ্যে কারিগরি ও মাদ্রাসা বোর্ড এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নিয়েছে। কিন্তু ঢাকা বোর্ড এ আদেশ মানছে না বলে অভিযোগ শিক্ষার্থী ও অভিভাবকদের। তারা বলছেন, শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র জারির সংবাদ প্রকাশের পর শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে যোগাযোগ করেন। পরে তারা ঢাকা শিক্ষা বোর্ডে যোগাযোগ করলে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক আবেদন গ্রহণের কথা বললেও এখন করছেন না।

এ সম্পর্কে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোঃ মনিরুল ইসলাম যুগান্তরকে বলেন, এ বিষয়টি নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা হয়েছে। পরিপত্রের আদেশ আগামী বছর থেকে বাস্তবায়নের কথা বলা হয়েছে। তাছাড়া পরিপত্রে বেশকিছু অসঙ্গতি রয়েছে বলেও তিনি উল্লেখ করেন।